অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক নম্বর :৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.২০১৪- ৬৮৬

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ / ৩০ এপ্রিল ২০২৫

অফিস আদেশ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে পূর্বে জারিকৃত 'বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটি' গঠন সংক্রান্ত সকল প্রজ্ঞাপন/আদেশ/নির্দেশনা বাতিলপূর্বক নিম্নরূপভাবে 'বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটি' পুনর্গঠন করা হলো:

১.	বিভাগীয় কমিশনার	:	চেয়ারম্যান
২.	রেঞ্জ ডিআইজি	:	সদস্য
৩.	মেট্রোপলিটন পুলিশ কমিশনার	:	সদস্য
৪.	সেক্টর কমান্ডার বিজিবি/ কোস্ট গার্ড এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)	:	সদস্য
৫.	সশস্ত্র বাহিনীর প্রতিনিধি (ইন-এইড-টু-সিভিল পাওয়ারের আওতায় নিয়োজিত থাকলে)	:	সদস্য
৬.	বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ	:	সদস্য
৭.	জেলা ম্যাজিস্ট্রেট (সকল)	:	সদস্য
৮.	ডিডিজি, আনসার ও ভিডিপি	:	সদস্য
৯.	অতিরিক্ত পরিচালক, এনএসআই	:	সদস্য
১০.	বিভাগীয় ডিজিএফআই প্রতিনিধি	:	সদস্য
১১.	উপ-পুলিশ কমিশনার (সিটিএসবি)	:	সদস্য
১২.	পুলিশ সুপার (সকল)	:	সদস্য
১৩.	প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন	:	সদস্য
১৪.	পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	:	সদস্য
১৫.	বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন পৌরসভার মেয়র/প্রশাসক	:	সদস্য
১৬.	বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি	:	সদস্য
১৭.	সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, বার এসোসিয়েশন (বিভাগীয় সদরে অবস্থিত জেলার)	:	সদস্য
১৮.	সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিভাগীয় সদরে অবস্থিত জেলার)	:	সদস্য
১৯.	সভাপতি/সাধারণ সম্পাদক/উপযুক্ত প্রতিনিধি, প্রেস ক্লাব (বিভাগীয় সদরে অবস্থিত জেলার)	:	সদস্য
২০.	বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত কলেজের একজন অধ্যক্ষ	:	সদস্য
২১.	উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	:	সদস্য
২২.	মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভাগীয় কর্মকর্তা/সদর জেলার কর্মকর্তা	:	সদস্য
২৩.	পরিবহন মালিক সমিতির একজন প্রতিনিধি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত)	:	সদস্য
২৪.	পরিবহন শ্রমিক সমিতির একজন প্রতিনিধি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত)	:	সদস্য
২৫.	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)	:	সদস্য-সচিব

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

২। বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির কার্য-পরিধি নিম্নরূপ:

(ক) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা করা;
(খ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ ও পরিকল্পনা মোতাবেক কর্ম সম্পাদন;
(গ) অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সম্পৃক্ত করা;
(ঘ) অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ, দুর্নীতি ইত্যাদি ফলপ্রসূভাবে প্রতিরোধকল্পে পরিকল্পনা গ্রহণ এবং যথোপযুক্ত পন্থা নির্ধারণের মাধ্যমে তা বাস্তবায়ন করা;
(ঙ) অপরাধ দমনে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে প্রয়োজনে সমন্বিত পদক্ষেপ গ্রহণে কার্যকর ব্যবস্থা নেওয়া;
(চ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;
(ছ) আইন-শৃঙ্খলা স্বাভাবিক ও উন্নত রাখার লক্ষ্যে সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ এবং জেলা আইন-শৃঙ্খলা কমিটিকে যথাযথ পরামর্শ প্রদান করা; এবং
(জ) সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদয়ে নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা।

৩। বিভাগীয় কমিশনার বিভাগের বিশিষ্ট শিক্ষাবিদ, সমাজকর্মী, ব্যবসায়ী ও ছাত্র প্রতিনিধিদের মধ্য থেকে সর্বাধিক ছয়জনকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। এছাড়া বিভাগীয় কমিশনার প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট যে কোনো সরকারি কর্মকর্তাকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানোমোদন সাপেক্ষে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

৪। কমিটি কমপক্ষে ০২ (দুই) মাসে একবার সভায় মিলিত হবে এবং প্রয়োজনবোধে যে কোনো সময়ে সভা অনুষ্ঠান করবে।

৫। পুলিশ কমিশনার/রেঞ্জ ডিআইজি প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

০৮/১০/২০১৫

মোঃ জিয়াউল হক মীর
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২২৩৩৫৪৫২৩
ই-মেইল: mohapol2@gmail.com

বিতরণ:

বিভাগীয় কমিশনার
.....(সকল) [সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ]।

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা;
৩। সিনিয়র সচিব/সচিব,.....মন্ত্রণালয়, ঢাকা;
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা;
৫। পুলিশ মহাপরির্দশক, পুলিশ অধিদপ্তর, ঢাকা;
৬। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/বিজিবি/এনএসআই, ঢাকা;
৭। রেঞ্জ ডিআইজি,.....(সকল); এবং
৮। পুলিশ কমিশনার,.....(সকল)।